



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dsheets.gov.bd



স্মারক নং-৭জি-১৬০ (ক-৩)/২০১০/৩২৮/৬

অফিস আদেশ

তারিখ : ০১/১২/১৪২৬ বঙ্গাব্দ
১০/০৩/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ তদন্ত কর্মকর্তা নিয়োগ।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৮.২০১৮-৩৩; তারিখ: ৩০/০১/২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ জাকির হোসেন, প্রভাষক (হিসাববিজ্ঞান) কর্তৃক ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলায়ীন কাচিয়া টবগী ইয়াছিন পাড়া (ই,পি) মহাবিদ্যালয়-এর সহকারী অধ্যাপকের পদোন্নতির বিষয়ে দাখিলকৃত অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামত প্রয়োজন।

অভিযোগঃ আবেদনপত্রে উল্লেখ করেন যে, “জ্যৈষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির অনুপাত হারে ৩ জন সহকারী অধ্যাপক পদে পদোন্নতি প্রাপ্য। তাদের মধ্যে জনাব মোঃ জাকির হোসেন, প্রভাষক (হিসাববিজ্ঞান) জনবল কাঠামোর জ্যৈষ্ঠতার ভিত্তিতে ২য় সিনিয়র। কিন্তু তাকে বাদ দিয়ে তৃতীয় ও দশম স্থান-কে সহকারী অধ্যাপকের জন্য মনোনয়ন প্রদান করেছেন। ২৩/১০/২০১৯ তারিখের পত্রের জবাব না দিয়ে মোঃ জাকির হোসেন, প্রভাষক (হিসাববিজ্ঞান)-কে বাদ দিয়ে ব্যাকডেটে রেজুলেশন প্রদান করেছেন। সিনিয়র শিক্ষককে বাদ দিয়ে অসৎ উপায় ও স্বজন প্রীতি করে অন্যদেরকে পদোন্নতি দেওয়ার জন্য চেষ্টা চালাচ্ছে”। বিধি অনুসারে তিনি যে ভাবে পদোন্নতি পাইতে পারেন এবং অনিয়ম ও স্বজন প্রীতি অনুসারে কারো পদোন্নতি হইতে না পারে সেই ব্যবস্থা গ্রহণ করার জন্য আবেদন করেন।”

অধ্যক্ষ জনবল কাঠামো অনুসারে সহকারী অধ্যাপকের ক্ষেত্রে নির্ধারণ না করে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান গাইড অনুযায়ী জ্যৈষ্ঠতা নির্ধারণ করেছেন যা গ্রহণ যোগ্য নয়। সহকারী অধ্যাপকের জ্যৈষ্ঠতা বিদ্যমান জনবল কাঠামো-২০১৮-এর ১৩ ধারা অনুযায়ী নিষ্পত্তিযোগ্য।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক আনীত অভিযোগের বিষয়ে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য পরিচালক (কলেজ-সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টি.এ/ডি.এ প্রাপ্য হবেন।

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৩৫৫৪

তদন্ত কর্মকর্তা:

- ০১। পরিচালক (কলেজ-সেসিপ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল।

স্মারক নং-৭জি/১৬০ (ক-৩)/২০১০/৩২৮/৬

তারিখঃ ০১/১২/১৪২৬ বঙ্গাব্দ
১০/০৩/২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যৈষ্ঠতার ত্রুমানুসারে নয়)

১. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল;
২. সভাপতি, পরিচালনা পরিষদ, কাচিয়া টবগী ইয়াছিন পাড়া (ই,পি) মহাবিদ্যালয়, বোরহান উদ্দিন, ভোলা;
৩. জেলা শিক্ষা অফিসার, ভোলা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ);
৪. অধ্যক্ষ, কাচিয়া টবগী ইয়াছিন পাড়া (ই,পি) মহাবিদ্যালয়, বোরহান উদ্দিন, ভোলা; (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধসহ);
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোরহান উদ্দিন, ভোলা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ);
৬. জনাব মোঃ জাকির হোসেন, প্রভাষক (হিসাববিজ্ঞান), কাচিয়া টবগী ইয়াছিন পাড়া (ই,পি) মহাবিদ্যালয়, বোরহান উদ্দিন, ভোলা (তদন্ত কর্মকর্তাকে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধসহ);
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. সংরক্ষণ নথি।

১৫/১২/১৪২৬, ১৫.৩.২০২০

(মো. আব্দুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@dsheets.gov.bd